দৈনিক ইত্তেফাক

MAR. 22 2002

# সুনামগঞ্জে পুলিশের গুলীতে ছাত্রলীগ নেতা নিহত

সাজু পুরকায়স্থ ॥ গতকাল বৃহস্পতিবার সুনামগঞ্জের তাহিরপুরে পুলিশের গুলীতে এক ছাত্রলীগ নেতা ও অপর ৩ মহিলাসহ ১২ জন আহত হয়। স্থানীয় টিএনও'র নেতৃত্বে ঘটনাস্থলে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। গুরুতর আহত

(২য় পৃষ্ঠায় ৬-এর কঃ দ্রঃ)

## সুনামগঞ্জে পুলিশের গুলীতে

(১ম পৃঃ পর)

সুমন (১৬), আমিরুন বেগম (৪৫), রওশন আরা (৩৬), জয়নাল (৪৪) ও শফিকুলকে (৩৬) হাসপাতালে ভর্তি করা হয়েছে। প্রত্যক্ষদর্শীরা জানায়, তাহিরপুর থানার ভারপ্রাপ্ত পুলিশ কর্মকর্তার নেতৃত্বে একদল পুলিশ উপজেলা কৃষক লীগের সভাপতি শফিকুল ইসলামকে গ্রেফতার করতে ভোর রাতে তার ভাটি তাহিরপুরস্থ বাড়ীতে গিয়ে এলোপাতাড়ি গুলীবর্ষণ ও ত্রাসের সৃষ্টি করে। গুলীর শব্দে আশেপাশের বাড়ীর লোকজন দ্রুত ঘর থেকে বেরিয়ে এলে পুলিশ তাদেরকে লক্ষ্য করে গুলী চালায়। গুলীতে ছাত্রলীগ নেতা এইচএসসি পরীক্ষার্থী ওহিদুজ্জামান শিপলু (২১) ঘটনাস্থলেই নিহত হয়। সে শফিকুলের ভাগ্নে। পুলিশ শফিকুলকে গ্রেফতার করতে পারেনি। গ্রামবাসীরা জানায়, পুলিশ এ সময় ৩০/৩৫ রাউন্ড গুলীবর্ষণ করেছে। ঘটনা সম্পর্কে জানার জন্য তাহিরপুর থানার ওসিকে পাওয়া যায়নি। তবে সুনামগঞ্জের অতিরিক্ত পুলিশ সুপার আনোয়ার কামাল জানান, তাহিরপুরের তালিকাভুক্ত সন্ত্রাসী শফিকুল ইসলামকে গ্রেফতার করতে তার বাড়ীতে গেলে শফিকুলের আত্মীয়-স্বজনরা পুলিশকে ঘেরাও করে রামদা, লাটিসোটা দিয়ে তাদের ওপর আক্রমণ চালায়। এতে বেশ কয়েকজন পুলিশ আহত হয়। পুলিশ আত্মরক্ষার্থে গুলী চালায়।